

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫০৭

১/ বিবিধ

আরবী

إذا كان يوم القيامة أنبت الله لطائفة من أمتي أجنحة فيطرون من قبورهم إلى الجنان، يسرحون فيها ويتنعمون فيها كيف شاءوا، فتقول لهم الملائكة: هل رأيتم الحساب؟ فيقولون: ما رأينا حسابا. فتقول لهم: هل جزتم الصراط؟ فيقولون: ما رأينا صراطا. فتقول لهم: هل رأيتم جهنم؟ فيقولون: ما رأينا شيئا. فتقول لهم الملائكة: من أمة من أنتم؟ فيقولون: من أمة محمد صلى الله عليه وسلم. فتقول: ناشدناكم الله حدثونا ما كانت أعمالكم في الدنيا؟ فيقولون: خصلتان كانتا فينا فبلغنا هذه المنزلة بفضل رحمة الله. فيقولون: وما هما؟ فيقولون: كنا إذا خلونا نستحي أن نعصيه، ونرضى باليسير مما قسم لنا، فتقول الملائكة: يحق لكم هذا موضوع

أورده الغزالي في " الإحياء " (3 / 295) فقال مخرجه العراقي: " رواه ابن حبان في " الضعفاء " وأبو عبد الرحمن السلمي من حديث أنس مع اختلاف، وفيه حميد بن علي القيسي ساقط هالك، والحديث منكر مخالف للقرآن وللأحاديث الصحيحة في الورد وغيره ". قلت: اتهمه ابن حبان (1 / 259) بأحاديث ساقها له، هذا أحدها

বাংলা

৫০৭। কিয়ামত দিবসে আল্লাহ তা'আলা আমার উম্মাতের একটি দলকে পাখা বিশিষ্ট করে দিবেন। তারা তাদের

কবরগুলো হতে উঠে জান্নাতগুলোতে উড়ে বেড়াবে। তাতে তারা সাতার কাটবে এবং ইচ্ছা মাফিক নিয়ামাতরাজী উপভোগ করবে। ফেরেশতারা তাদেরকে বলবেঃ তোমরা কি হিসাব-কিতাব দেখেছ? তারা উত্তরে বলবেঃ আমরা হিসাব কিতাব দেখিনি। ফেরেশতারা তাদেরকে বলবেঃ তোমরা কি পুল-সিরাত অতিক্রম করেছ? তারা বলবে আমরা পুল-সিরাত দেখিনি। তারা তাদেরকে বলবেঃ তোমরা কি জাহান্নাম দেখেছ? তারা উত্তরে বলবেঃ না আমরা কিছুই দেখিনি। ফেরেশতারা তাদেরকে বলবেঃ তোমরা কার উম্মত? তারা বলবেঃ মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উম্মত। ফেরেশতারা বলবেঃ আমরা তোমাদেরকে আল্লাহর কসম দিয়ে বলছি, তোমাদের দুনিয়ার আমলগুলো আমাদের সামনে বর্ণনা কর? তারা বলবেঃ এমন দুটি খাসলত আমাদের মাঝে ছিল যে, আল্লাহর রহমতের ফযীলতে আমরা এ স্তরে পৌঁছেছি। তারা (ফেরেশতারা) বলবেঃ সে দুটি কী? তারা উত্তরে বলবেঃ যখন আমরা নির্জনতায় যেতাম তখন আমরা তার (আল্লাহর) নাফারমানী করতে লজ্জা করতাম এবং আমাদের জন্য তাঁর বন্টনকৃত অল্প বস্তুতেই আমরা সম্বুস্ত থাকতাম। এর পর ফেরেশতারা বলবেঃ এরূপই তোমাদের প্রাপ্য।

হাদীছটি জাল।

ইমাম গায়ালী “আল-ইহইয়া” (৩/২৯৫) গ্রন্থে হাদীছটি বর্ণনা করেছেন। তার হাদীছটি ইবনু হিব্বান "আয-যোয়াফা" গ্রন্থে এবং আবু আদীর রহমান আস-সুলামী আনাস (রাঃ)-এর হাদীছ হতে ভিন্ন ভাষায় বর্ণনা করেছেন। যার সনদে হুমায়েদ ইবনু আলী আল-কায়সী রয়েছেন তিনি সাকেত (নিষ্কিণ্ড) ও হালেক (ধ্বংসপ্রাপ্ত)। এ ছাড়া কুরআন ও সহীহ হাদীছ বিরোধী হওয়ার কারণে হাদীছটি মুনকার।

আমি (আলবানী) বলছিঃ ইবনু হিব্বান (১/২৫৯) তাকে তার কতিপয় হাদীছ দ্বারা মিথ্যার দোষে দোষী করেছেন। এটি সেগুলোর একটি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71386>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন